**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 09–10–2023**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্য সরকার নায্যমূল্যের দোকানের মাধ্যমে ভোক্তাদের সরষের তেল দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।**

**(২) বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ আজ মোহনপুর মহকুমার বড়কাঠাল এলাকায় ৩৩ কেভি বিদ্যুৎ সাব স্টেশনের উদ্বোধন করেন ।**

**(৩) মিজোরাম, ছত্তিশগড়, মধ্যপ্রদেশ, রাজস্থান এবং তেলেঙ্গানার বিধানসভা নির্বাচন আগামী মাসের ৭ থেকে ৩০ তারিখের মধ্যে অনুষ্ঠিত হবে, ভোট গণনা হবে তেসরা ডিসেম্বর ।**

**(৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল এশিয়ান গেমস্–এ অংশগ্রহণকারী ভারতীয় খেলোয়াড়দের সঙ্গে একান্ত আলাপচারিতায় মিলিত হবেন ।**

*****************************************

**Food Minister :**

রাজ্য সরকার নায্যমূল্যের দোকানের মাধ্যমে ভোক্তাদের সরষের তেল দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। কার্ডপিছু এক লিটার করে এবং

বছরে চারবার এই সরিষার তেল সরবরাহ করা হবে। আগামীকাল আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে এক অনুষ্ঠানের মধ্যে দিয়ে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা এই কর্মসূচীর সূচনা করবেন। আজ মহাকরনে খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী সাংবাদিক সম্মেলনে একথা জানান। লিটার প্রতি ১৫ টাকা করে ভর্তুকি দেওয়া হবে। এর ফলে প্রতি লিটার সরিষার তেলের দাম পড়বে ১১৩ টাকা। খাদ্যমন্ত্রী আরও জানান, শারদ উৎসব উপলক্ষে ভোক্তাদের এবছরও রেশনে ন্যায্যমুল্যে অন্যান্য সামগ্রী সরবরাহেরও সিদ্ধান্ত নিয়েছে। তিনি জানান এবার খাদ্য দপ্তরের পক্ষ থেকে ভোক্তাদের বিনামূল্যে একটি করে পাটের তৈরি ক্যানভাস ব্যাগ দেওয়া হবে। এই ব্যাগে করে ন্যায্যমুল্যে ১ কেজি মসুর ডাল, ২ কেজি ময়দা, ১ কেজি চিনি, ৫০০ গ্রাম সুজি ও ৫০০ গ্রাম আটা দেওয়া হবে। তিনি জানান, এবছরই প্রথম খাদ্য দপ্তরে কর্মরত ৬৩৫ জন শ্রমিককে পূজো অনুদান বাবদ ২০০০ টাকা করে দেওয়া হবে। এর জন্য দপ্তরের খরচ হবে ১২ লাখ ৭০ হাজার টাকা। তিনি জানান, কেন্দ্রীয় সরকারের নির্দেশ অনুযায়ী রাজ্যেও রেশন দোকানগুলো মডেল রেশন দোকান হিসাবে গড়ে তোলা হবে। প্রথম পর্যায়ে রাজ্যের ৬০০ রেশন দোকানকে মডেল হিসাবে গড়ে তুলতে রাজ্য সরকার ৫০০০ টাকা করে অর্থ সাহায্য দেবে। এর জন্য খরচ হবে ৩০ লক্ষ টাকা। রাজ্যে মোট ২০৫৬টি রেশন দোকানে ৯ লক্ষ ৭০ হাজার ভোক্তা রয়েছেন। রাজ্যে চাল, চিনি, আটা, লবন, পেট্রল, ডিজেল, কেরোসিনের মজুত সন্তোষ জনক রয়েছে বলে তিনি জানান। নিত্যপন্যের মুল্যস্তর নিয়ন্ত্রণে রাখতে সরকারের নজরদারি অব্যাহত রয়েছে বলে সাংবাদিক সম্মেলনে খাদ্য অধিকর্তা নির্মল অধিকারী জানিয়েছেন।

*****************************

**Ratan lal nath :**

বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ মোহনপুর মহকুমার বড়কাঠাল এলাকায় আজ ৩৩ কেভি বিদ্যুৎ সাব স্টেশনের উদ্বোধন করেন। এই সাবস্টেশন ও দ্বিতল কন্ট্রোল রুম নির্মানে ব্যয় হয়েছে ৯ কোটি ৮৪ লক্ষ টাকা। অনুষ্ঠানে বিদ্যুৎমন্ত্রী বলেন, ভারত সরকার ও বিশ্ব ব্যাংকের আর্থিক সহযোগিতায় পাওয়ার গ্রিড কর্পোরেশন এই সাবস্টেশন নির্মাণ করেছে। এই সাবস্টেশন নির্মাণের ফলে বড়কাঁঠাল, এসরাই, চাচু, সোনাই, বটতলা, ডুমাকারী, উরাবাড়ি সহ বিস্তীর্ণ এলাকার মানুষ উপকৃত হবেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক বৃষকেতু দেববর্মা, এডিসি'র কার্যনির্বাহী সদস্য রবীন্দ্র দেববর্মা, হেজামারা বিএসি চেয়ারম্যান সুনীল দেববর্মা, লেফুঙ্গা বিএসি চেয়ারম্যান রনজিৎ দেববর্মা ও বিদ্যুৎ নিগমের পদস্থ আধিকারিকরা।

*******************************

**Market stall :**

সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া আজ জোলাইবাড়ি ব্লকের পূর্ব পিলাকে দ্বিতল মার্কেট স্টলের ভিত্তি প্রস্তর স্থাপন করেন। ৩২ কক্ষ বিশিষ্ট এই মার্কেট স্টল নির্মানে ব্যয় হবে ৯৭ লক্ষ ২৮ হাজার টাকা।

***************************

**Meeting/BJP :**

রাজ্যের সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের মন্ত্রী টিংকু রায় এর উপস্থিতিতে B.J.P'র চন্ডীপুর মন্ডল কমিটির এক বৈঠক

আজ কৈলাশহর সার্কিট হাউসে অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন, ঊনকোটি জিলা পরিষদের সহকারী সভাধিপতি শ্যামল দাশ, দলের মন্ডল সভাপতি শ্যামকুমার সিংহ প্রমুখ। এখানে দলের সাংগঠনিক ও সেবামূলক কর্মধারার উপর আলোচনা ও মতবিনিময় করা হয়।

**************************

**Postal week :**

জাতীয় ডাক সপ্তাহ আজ থেকে শুরু হয়েছে। এই উপলক্ষে আগরতলায় ডাক বিভাগের উদ্যোগে আজ থেকে ১৩ই অক্টোবর পর্যন্ত কিছু কর্মসূচি হাতে নেওয়া হয়েছে। পোস্ট মাস্টার জেনারেল জোসেফ লালউইন সেইলোভা আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে জানান, আগামীকাল পালিত হবে সশক্তিকরণ দিবস। এর অঙ্গ হিসেবে সুপারিন্টেন্ডেন্ট অফ পোস্ট অফিসের নেতৃত্বে একটি প্রতিনিধিদল শান্তিরবাজার টাউন হলে ডাক কমিউনিটি ডেভেলপমেন্ট প্রোগ্রাম সংগঠিত করবে। ১১ই অক্টোবর ফিলেটলি ডে পালিত হবে। ওই দিন বিভিন্ন স্কুলগুলিতে ডিজিটাল ইন্ডিয়া ফর নিউ ইন্ডিয়া, স্ট্যাম্প ডিজাইন, ক্যুইজ ইত্যাদি নিয়ে জাতীয় স্তরের প্রচারাভিযান অনুষ্ঠিত হবে। ১২ই অক্টোবর মেল এবং পার্সেল দিবস পালিত হবে। ১৩ই অক্টোবর অন্ত্যোদয় দিবস পালিত হবে। অন্ত্যোদয় দিবসে আই পি পি বি টীম এবং ডি ও পি কর্মীরা ডিজিটাল লেনদেন, আর্থিক স্বাক্ষরতার জন্য গ্রামীণ এলাকায় কর্মশালার আয়োজন করবে।

**************************

**Jal Jeevan Mission :**

কেন্দ্রীয় সরকারের "জল জীবন মিশন"এর মাধ্যমে হর ঘর জল এর আওতায় বিনামূল্যে বাড়ীঘরে পানীয় জলের সংযোগ দেবার কাজ চলছে ঊনকোটি জেলাতেও।

পানীয় জল ও স্বাস্থ্যবিধান দপ্তরের নির্বাহী বাস্তুকার এইচ,দারলং জানান, ঊনকোটি জেলাতে মোট 53 হাজার 949টি বাড়ীঘরে নলের মাধ্যমে জল সরবরাহ করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছিল। এখন পর্যন্ত 43 হাজার 738টি বাড়ীঘরে জল জীবন মিশন এর মাধ্যমে পানীয় জল পৌঁছে গেছে। এক্ষেত্রে সফলতার শতকরা হার 81 দশমিক শূন্য সাত শতাংশ।

***********************************

**Rail :**

উত্তর-পূর্ব রেলওয়ের জেনারেল ম্যানেজার চেতন কুমার শ্রীবাস্তব আগামীকাল একদিনের সফরে রাজ্যে আসছেন। তিনি সকাল সাড়ে ৭টায় সাব্রুম যাবেন। তিনি সাব্রুম এবং উদয়পুর রেল স্টেশন এক্সপ্রেস ট্রেন চালানোর পরিকাঠামো খতিয়ে দেখবেন। তিনি আগরতলায় ফিরে এসে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহার সঙ্গে মিলিত হয়ে রেল সম্প্রসারণ কর্মসূচি নিয়ে আলোচনা করবেন বলে আগরতলা রেল স্টেশনের এর ম্যানেজার চন্দ্রমোহন সাহু জানান।

উল্লেখ্য, আসন্ন দুর্গোৎসবের আগেই সাব্রুম থেকে কাঞ্চনজঙঘা এক্সপ্রেস শিয়ালদা চালানোর উদ্যোগ নেওয়া হয়েছে।

****************************

**Jahar Saha :**

ত্রিপুরা হর্টিকালচার কর্পোরেশন লিমিটেডের নতুন চেয়ারম্যান হিসাবে আজ দায়িত্বভার গ্রহন করেছেন জহর সাহা। এক সংক্ষিপ্ত অনুষ্ঠানের মাধ্যমে তাকে স্বাগত জানান হর্টিকালচার কর্পোরেশন লিমিটেডের সমস্ত কর্মীরা।

***************************

**Assembly election :**

মিজোরাম, ছত্তিশগড়, মধ্যপ্রদেশ, রাজস্থান এবং তেলেঙ্গানার বিধানসভা নির্বাচন আগামী মাসের ৭ থেকে ৩০ তারিখের মধ্যে অনুষ্ঠিত হবে, এই পাঁচটি রাজ্যের ভোট গণনা হবে তেসরা ডিসেম্বর। নির্বাচন কমিশন আজ এই পাঁচ রাজ্যের নির্বাচনের নির্ঘন্ট ঘোষণা করেছে। মিজোরামে ৭ নভেম্বর ভোটগ্রহণ হবে। ছত্তিশগড়ে দুই দফায় ৭ ও ১৭ নভেম্বর ভোট হবে মধ্যপ্রদেশে, ভোট হবে ১৭ই নভেম্বর। রাজস্থানে ২৩শে নভেম্বর ভোট হবে। তেলেঙ্গানায় ভোট হবে ৩০শে নভেম্বর।

নতুনদিল্লিতে সংবাদমাধ্যমকে মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার বলেন, ২০২৪ সালের সাধারণ নির্বাচনের আগে এই পাঁচটি রাজ্যের নির্বাচন অত্যন্ত তাৎপর্যপূর্ণ। তিনি এই পাঁচ রাজ্যে অবাধ, সুষ্ঠু, এবং প্রলোভনমুক্ত নির্বাচনের আশ্বাস দিয়ে বলেন, এই পাঁচটি রাজ্যে ৬৭৯টি বিধানসভা আসন এবং ১৬ কোটি ভোটার রয়েছেন। প্রায় ৬০ লক্ষ নতুন ভোটার এই নির্বাচনে অংশগ্রহণ করবেন।

*******************************

**Ayushmaan bhav :**

আয়ুষ্মান ভব অভিযানের অধীনে এক মাসেরও কম সময়ে তিন লক্ষের বেশি ইউনিট রক্ত সংগ্রহ করা হয়েছে। গত ১৭ই সেপ্টেম্বর থেকে দোসরা অক্টোবর পর্যন্ত সেবা পক্ষ চলাকালীন এই অভিযান চালানো হয়। সামাজিক মাধ্যমে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী ডাঃ মনসুখ মান্ডাভিয়া বলেছেন, আগে বছরে মাত্র নয় লক্ষ ইউনিট রক্ত সংগ্রহ হত । তিনি সকল রক্তদাতাদের ধন্যবাদ জানান।

***************************

**Sikim Flood :**

সিকিমে হড়পা বানে মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ৩৩। এখনও খোঁজ নেই কমপক্ষে ১০৫ জনের। কেন্দ্রীয় স্বরাষ্ট্র রাষ্ট্রমন্ত্রী অজয় কুমার মিশ্র সাংবাদিকদের জানান, যুদ্ধকালীন তৎপরতায় ত্রান ও উদ্ধারকার্য চলছে। সিকিম দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ জানিয়েছেন, আকস্মিক বন্যায় সিকিমে ৮৫ হাজার ৮৭০ জনের বেশি মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছেন। এখনও বহু পর্যটক সিকিমের মাঙ্গান জেলার লাচেন এবং লাচুং-এ আটকে পড়েছেন। ভারতীয় বিমান বাহিনীর হেলিকপ্টারের সাহায্যে তাদের উদ্ধারের চেষ্টা চলছে।

***************************

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ নতুন দিল্লিতে ন্যায়সঙ্গত ও স্থিতিস্থাপক কৃষি-খাদ্য ব্যবস্থার ওপর আন্তর্জাতিক গবেষণা সম্মেলনের উদ্বোধন করেন। এই আন্তর্জাতিক গবেষণা সম্মেলন চলবে আগামী ১২ই অক্টোবর পর্যন্ত। চারদিনব্যাপী এই সম্মেলন

আয়োজন করেছে আই.সি.এ.আর এবং কনসালটেটিভ গ্রুপ অন ইন্টারন্যাশনাল এগ্রিকালচারাল রিসার্চ।

সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে কেন্দ্রীয় কৃষিমন্ত্রী নরেন্দ্র সিং তোমর, ভারতের জি-২০ শেরপা অমিতাভ কান্ত বক্তব্য রাখেন। সম্মেলনে প্রায় ৬০টি দেশের ৬০০ জনেরও বেশি প্রতিনিধি অংশ নেবেন বলে আশা করা হচ্ছে।

*************************

**RIPSAT :**

আগরতলার RIPSAT ফার্মাসিউটিক্যাল কলেজে স্বাবলম্বী ভারত অভিযান উপলক্ষে আজ একদিনের চিন্তন শিবিরের আয়োজন করা হয়। শিবিরে ভারতকে আত্মনির্ভর করার জন্য স্বাবলম্বী অভিযানের অধীনে নেওয়া উদ্যোগুলি সম্পর্কে ছাত্রদের অবহিত করা হয়। অনুষ্ঠানের প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন ক্যাপ্টেন জি.এস. রাঠি। RIPSAT এর অধ্যক্ষ শুভকান্ত দাশ জানান, এই ধরনের অনুষ্ঠান শিক্ষার্থীদের মানসিকতা উন্নত করবে।

*************************

**Mayor :**

আগরতলা পুর নিগমের ৩৮নং ওয়ার্ডের কমিউনিটি হলে আজ জাতীয় স্বাস্থ্য মিশনের অধীনে রাষ্ট্রীয় বাল্য স্বাস্থ্য কার্যক্রম অনুষ্ঠিত হয়। এই কার্যক্রমে সদ্যোজাত থেকে ১৮ বছর বয়সী শিশুদের বিভিন্ন জন্মগত সমস্যা যেমন বধিরতা, ছানি, হৃদরোগ, ঠোঁট কাটা এবং তালু কাটার সমস্যা, বাঁকা পায়ের সমস্যা ইত্যাদি

বিভিন্ন রোগের চিকিৎসা করা হয়। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, মেয়র পারিষদ বাপ্পি দাস, কর্পোরেটর অঞ্জনা দাস প্রমুখ।

****************************

**Akhil bharatiyo bidyarthi porshod :**

তপশিলি জাতিভুক্ত ছাত্রছাত্রীদের স্টাইপেন্ড অবিলম্বে মিটিয়ে দেবার দাবিতে ভারতীয় বিদ্যার্থী পরিষদের পক্ষ থেকে আজ আগরতলায় তপশিলি জাতি কল্যাণ দপ্তরের অধিকর্তার কাছে ডেপুটেশন প্রদান করা হয়। বিদ্যার্থী পরিষদের পক্ষ থেকে অভিযোগ করা হয় তপশিলি জাতি ভুক্ত ছাত্রছাত্রীরা দীর্ঘদিন ধরে স্টাইপেন্ড পাচ্ছে না।

***********************

**Distribution of tree seedlings :**

আজ পুরনিগমের ১৩নং ওয়ার্ডের বেনিফিসারিদের মধ্যে বিনামূল্য গাছের চারা ও মাছের পোনা বিতরণ করা হয়। ২০০ জন বেনিফিশারির মধ্যে এই সমস্ত সামগ্রী বিতরণ করা হয় বলে জানিয়েছেন ১৩নং ওয়ার্ডের কর্পোরাটার প্রদীপ চন্দ। তিনি বলেন, এই কাজে সহযোগিতা করেছে মৎস্য ও উদ্যান দপ্তর।

*************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল বিকেলে নতুন দিল্লির মেজর ধ্যানচাঁদ স্টেডিয়ামে এশিয়ান গেমস্ অংশগ্রহণকারী ভারতীয় খেলোয়াড়দের সঙ্গে আলাপচারিতায় মিলিত হবেন।

এশিয়ান গেমস্-এ অসাধারণ সাফল্যের জন্য খেলোয়াড়দের অভিনন্দন জানানো এবং ভবিষ্যতে বিভিন্ন প্রতিযোগিতায় সাফল্যের জন্য তাঁদের প্রেরণা জোগাতেই এই অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বক্তব্য রাখবেন। উল্লেখ্য এবার এশিয়ান গেমস্-এ ২৮টি স্বর্ণপদক সহ মোট ১০৭টি পদক জিতেছে ভারত। এশিয়ান গেমস্-এ পদক জয়ের নিরিখে এ যাবৎকালের মধ্যে এটাই ভারতের সর্বোচ্চ সাফল্য।

*************************

**Jolaibari Football :**

জোলাইবাড়ি ফুটবল এসোসিয়েশন আয়োজিত শ্যামাপ্রসাদ মুখার্জী স্মৃতি নক আউট ফুটবল টুর্নামেন্টের ফাইনালে লক্ষীছড়া ফুটবল একাদশের মুখোমুখি হবে বনকুল ফুটবল একাদশ। ফাইন্যাল ম্যাচটি অনুষ্ঠিত হবে আগামী ১২ই অক্টোবর। আজ জোলাইবাড়ি দ্বাদশ স্কুল মাঠে টুর্নামেন্টের দ্বিতীয় সেমি-ফাইনালে বনকুল ফুটবল একাদশ ২-০ গোলে অল হিরো ফুটবল একাদশকে পরাজিত করে।

************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। কিছু কিছু জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ চৌত্রিশ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন পঁচিশ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল চৌত্রিশ দশমিক চার ডিগ্রি এবং সর্বনিম্ন পঁচিশ দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস।

*************************